

2 0 1 8

ELECTIVE BENGALI

Paper : 6.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

‘রবীন্দ্রনাথ-১’ অথবা ‘রবীন্দ্রনাথ-২’ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

(রবীন্দ্রনাথ-১)

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘রাজা’ নাটকের প্রথম দৃশ্যের শুরুতে কোন্ দুটি চরিত্রের
সঙ্গে আমাদের পরিচয় ঘটে?

(খ) বিরূপাক্ষ কে?

(গ) “তারি সঙ্গে কী মৃদঙ্গে সদা বাজে”

এর পরের পংক্তিটি লেখো।

(ঘ) কাঞ্চী ছাড়া আর কোন্ কোন্ দেশের রাজাদের উৎসবে
নিমন্ত্রণ করা হয়েছিল?

(যে কোনো একটি নাম উল্লেখ করতে হবে)

- (ঙ) “ঠাকুরদা, তোমাদের এই ধুলোর খেলায় আমাকে ডুলো না।” বক্তা কে ?
- (চ) অনাথপিণ্ড কার জন্য ভিক্ষায় বেরিয়েছিলেন ?
- (ছ) “মস্তকে সমিধ্ভার করি আহরণ”
‘সমিধ্ভার’ কথার অর্থ কী ?
- (জ) ‘গানভঙ্গ’ কবিতায় নবীন যুবকের নাম কী ?
- (ঝ) “সেথা হতে ফিরি গেল চলি ধীরে বধু _____
ঘরে।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ঞ) বাসবদত্তা কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “ধনী স্বর্ণ আনে থালি পূরে পূরে”
ধনীরা থালা ভরে ভরে কাকে দেবার জন্য স্বর্ণ এনেছিলেন ?
তিনি সে ভিক্ষা গ্রহণ করেছিলেন কী ?
- (খ) জবালা-পুত্রের নাম কী ? সে কার আশ্রমে বিদ্যালাভ করতে
গিয়েছিল ?
- (গ) ‘রাজা’ নাটকের প্রথম এবং শেষ দৃশ্যের শিরোনাম কী ?

- (ঘ) “ঐ-যে আকাশ একেবারে রাঙা, ফুলগন্ধের অভ্যর্থনায় বাতাস একেবারে পরিপূর্ণ।” বক্তা কে? কখন তিনি একথা বলেছেন?
- (ঙ) “সময় যেদিন আসিবে আপনি যাইব তোমার কুঞ্জে।” কোন্ কবিতার অন্তর্গত? বক্তা কে?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “এবার আমাকে দূরে পাঠিয়ে দেবেন, অনেকদিন কাছে আছি সে তাঁর সইছে না।” ‘রাজা’ নাটক অবলম্বনে ঠাকুরদাকে উদ্দেশ্য করে বক্তার এরূপ বক্তব্যের কারণ বুঝিয়ে লেখো।
- (খ) টীকা লেখো : সুবর্ণ অথবা সুদর্শনা।
- (গ) ‘রাজা’ নাটকের ‘স্বয়ংবর সভা’ দৃশ্যটির বর্ণনা দাও।
- (ঘ) ‘ব্রাহ্মণ’ কবিতায় গৌতম মূনির আশ্রমের যে বর্ণনা আছে তা তুলে ধরো।
- (ঙ) টীকা লেখো : বরজ্জলাল অথবা শ্রীমতী।
- (চ) ‘দেবতার গ্রাস’ কবিতা অবলম্বনে মোক্ষদা চরিত্রটির পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) ‘রাজা’ নাটকের ভেতর দিয়ে রবীন্দ্রনাথ রাজা চরিত্রকে যেভাবে ফুটিয়ে তুলেছেন তা লেখো।
- (খ) সুদর্শনা ও সুরঙ্গমার তুলনামূলক আলোচনা করো।

- (গ) 'রাজা' নাটকে ব্যবহৃত গানগুলির ভূমিকা কীরূপ রসোদ্দীপ্ত হয়েছে, আলোচনা করো।
- (ঘ) কাঞ্চীরাজ চরিত্রটি বিশ্লেষণ করো।

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ১০×২=২০

- (ক) 'ব্রাহ্মণ' কবিতার বক্তব্য পরিস্ফুট করো।
- (খ) 'অভিসার' কবিতাটির মর্মার্থ উদ্ঘাটন করো।
- (গ) 'দেবতার গ্রাস' কবিতার বিষয়বস্তু বুঝিয়ে লেখো।
- (ঘ) 'শ্রেষ্ঠ ভিক্ষা' অথবা 'পূজারিণী' কবিতার নামকরণের তাৎপর্য নির্ণয় করো।

(রবীন্দ্রনাথ-২)

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

- (ক) দক্ষিণাচরণবাবুর স্ত্রীকে যে ডাক্তার চিকিৎসা করতেন তাঁর নাম কী?
- (খ) সতীশ কে?
- (গ) "মুকুন্দবাবুরা প্রভু, ধনী বটেন, কিন্তু কুলমর্যাদায় গৌরীকান্ত তাঁহাদের অপেক্ষা অনেক শ্রেষ্ঠ।" গৌরীকান্তের পৌত্রীর নাম কী?

- (ঘ) “তফাত যাও, তফাত যাও! সব খুট হ্যায়, সব খুট হ্যায়।”
কোন গল্প থেকে নেওয়া হয়েছে?
- (ঙ) তারাপদ তাকে কোথায় নামিয়ে দেবার জন্য কাঁঠালিয়ার
জমিদারবাবুকে অনুরোধ করেছিল?
- (চ) লাবণ্যলেখার স্বামীর নাম কী?
- (ছ) লাবণ্যর সঙ্গে অমিতর প্রথম দেখা কোথায় হয়েছিল?
- (জ) “দেবতার হাতে সময় অসীম; তাই ঠিক সময়টিতে সূর্য ওঠে,
ঠিক সময়ে অস্ত যায়।” বক্তা কে?
- (ঝ) লাবণ্যর বাবার একটি স্নেহের পাত্র ছিল, তাঁর নাম কী?
- (ঞ) অমিত লাবণ্যকে কি নামে ডাকতে চেয়েছিল? (বন্যা/বন্যা)
(শুদ্ধ উত্তরটি বেছে নাও)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “ডাক্তার! ডাক্তার!
স্বালাতন করিল। এই অর্ধেক রাত্রে _____”
কে, কাকে স্বালাতন করেছিল?
- (খ) ‘আপদ’ গল্পের কেন্দ্রীয় চরিত্রটির নাম লেখো। তাকে
কিরণময়ী আদর করে কি নামে ডাকতেন?
- (গ) অরুণলেখা ও কিরণলেখা কার বোন? এরা কোন গল্পের
চরিত্র?

- (ঘ) 'শেষের কবিতা' উপন্যাস থেকে দুটি স্ত্রী-চরিত্রের নাম লেখো ।
- (ঙ) অমিতর 'ঘড়ায় তোলা জল' কে ? অমিতর বোনেরা তাকে কী নামে ডাকত ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) পূর্ণেশ্বরদুর্গেশ্বর কে ? তাঁর আকাঙ্ক্ষার পরিণতি কি হয়েছিল ?
- (খ) 'প্রতিহিংসা' গল্পের ইন্দ্রাণী চরিত্রটি নিয়ে আলোচনা করো ।
- (গ) আদর্শ নারী-চরিত্র রূপে 'আপদ' গল্পের কিরণময়ীর পরিমাপ করো ।

অথবা

'অতিথি' গল্পে প্রকৃতিকে কীভাবে উপস্থাপিত করা হয়েছে, দেখাও ।

- (ঘ) 'শেষের কবিতা' উপন্যাসের ভাষাশৈলী সম্বন্ধে আলোচনা করো ।
- (ঙ) 'শেষের কবিতা' উপন্যাসে 'কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও' কবিতার তাৎপর্য ও গুরুত্ব আলোচনা করো ।
- (চ) শিলং পাহাড়ে মোটর দুর্ঘটনার গুরুত্ব কতটুকু তা 'শেষের কবিতা' উপন্যাসের কাহিনি অবলম্বনে লেখো ।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) 'আপদ' গল্পের নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো।
- (খ) 'ক্ষুধিত পাষণ' গল্পের সারসংক্ষেপ তুলে ধরো এবং সেইসঙ্গে সার্থক ছোটগল্পলেখক হিসেবে রবীন্দ্রনাথের কৃতিত্বের পরিমাপ করো।
- (গ) 'রাজটীকা' গল্প অবলম্বনে নবেদুশেখরের চরিত্র বিশ্লেষণ করো।
- (ঘ) 'অতিথি' গল্পের তারাপদ এবং 'আপদ' গল্পের নীলকান্ত — চরিত্র দুটির তুলনামূলক বিশ্লেষণ উপস্থাপিত করো।

৫। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) 'শেষের কবিতা' উপন্যাসের লাভণ্য চরিত্রটির ওপর আলোকপাত করো।
- (খ) 'শেষের কবিতা' উপন্যাসের 'ঘটকালি' শীর্ষক পরিচ্ছেদের ঘটনাবলী উল্লেখ করো।
- (গ) 'শেষের কবিতা'কে কাব্যোপন্যাস বলা যায় কী? আলোচনা করো।
- (ঘ) 'শেষের কবিতা' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলোর ভূমিকা পর্যালোচনা করো।
